



প্রাথমিক শিক্ষার্থীরা পাচ্ছে বিনামূল্যে স্কুলড্রেস-ব্যাগ-জুতা



সংগৃহীত ছবি

প্রাথমিক শিক্ষার্থীদের জন্য এবার নতুন উদ্যোগ হিসেবে বিনামূল্যে স্কুলড্রেস, ব্যাগ ও জুতা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর আগে বই ও খাবার দেওয়া হলেও এবার শিক্ষার্থীদের দৈনন্দিন ব্যবহারের প্রয়োজনীয় এসব উপকরণও যুক্ত করা হচ্ছে।

প্রাথমিকভাবে এই কর্মসূচি সীমিত আকারে শুরু হবে। প্রতিটি উপজেলার দুইটি করে সরকারি প্রাথমিক বিদ্যালয় বেছে নেওয়া হয়েছে, যেখানে শুধু প্রথম শ্রেণির শিক্ষার্থীরা এই সুবিধার আওতায় আসবে।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) প্রতিমন্ত্রী মীর শাহে আলম জানিয়েছেন, আন্তঃমন্ত্রণালয় বৈঠকের পর এই সিদ্ধান্ত নেওয়া হয়। তিনি বলেন, শিক্ষার্থীদের জন্য সরবরাহ করা পোশাক ছেলেদের ও মেয়েদের জন্য আলাদা হলেও নির্দিষ্ট একই ডিজাইনে তৈরি করা হবে।

শিক্ষামন্ত্রী আনাম আহসানুল হক মিলন জানান, বিজিএমইএ এক লাখ শিক্ষার্থীর জন্য এসব সামগ্রী দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। পাশাপাশি অন্যান্য ব্যবসায়ীরাও সহযোগিতার আগ্রহ দেখিয়েছে। পাইলট প্রকল্পটি আগামী জুলাই থেকে শুরু হবে এবং পরবর্তীতে এটি মাধ্যমিক ও মাদরাসা পর্যায়েও সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে।